গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# উপজেলা শিক্ষা অফিসার
# উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ

এবং

## জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
## জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সুনামগঞ্জ।

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
# ২০২৪ - ২০২৫ খ্রি.

**(০১ জুলাই, ২০২৪খ্রি. - ৩০ জুন, ২০২৫ খ্রি.)**

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:
# ২০২৪ – ২০২৫ খ্রি.

## সুচিপত্র


**বিষয় ..........................................................................................পৃষ্ঠা নম্বর**

উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদনের সার্বিক চিত্র.... ৩

প্রস্তাবনা ........................................................................................................ ৫

সেকশন ১: উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, এর রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........... ৬

সেকশন ২: উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব .................................................................................. ৭

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ................ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............................................................................ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী দপ্তরসমূহ এবং পরিমাপ পদ্ধতি ............................ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য কার্যালয়ের উপর নির্ভরশীলতা .................... ১৭

সংযোজনী ৪-৮ : সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..................... ১৮

# উপজেলা শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/ Organization )

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

মানব জীবনের অন্যতম মৌলিক চাহিদা শিক্ষা। শিক্ষা লাভের প্রারম্ভিক ধাপ ও মূলভিত্তি প্রাথমিক শিক্ষা। সরকারের রূপকল্প বাস্তবায়নে এদেশের প্রতিটি শিশুকে আগামী দিনের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে সরকার বদ্ধপরিকর। সে লক্ষ্যে প্রাথমিক শিক্ষা বিস্তারে সরকারের গৃহীত পদক্ষেপ সমূহ লক্ষনীয়। প্রাথমিক শিক্ষাকে সবিশেষ গুরুত্ব প্রদান করে বর্তমান সরকার ইতোমধ্যে এ উপজেলার ২৬ টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও বিদ্যালয়সমূহে কর্মরত মোট ১০৬ জন শিক্ষকের চাকরি জাতীয়করণ করেন। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সদ্য জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহে অতিরিক্ত শিক্ষকসহ মোট ২৬ টি নতুন পদ সৃজন করা হয়। বিদ্যালয় বিহীন গ্রামে ১৫০০ বিদ্যালয়ের আওতাধীন ২টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়। শিশুদের প্রাথমিক শিক্ষার উপযোগী করে গড়ে তোলার পূর্ব প্রস্তুতি স্বরূপ শান্তিগঞ্জ উপজেলার মোট ৯৭ টি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালুকরণ, ৯৭টি শিক্ষক পদ সৃজন ও নিয়োগ প্রদান ও শ্রেণিকক্ষসমূহ সুসজ্জিত করা হয়েছে।

পাঠোপযোগী পরিবেশ নিশ্চিত করতে শিক্ষক-শিক্ষার্থী ও শিক্ষার্থী-শ্রেণিকক্ষের অনুপাত হ্রাস করার পদক্ষেপ হিসেবে ইতোমধ্যে নতুন পদ সৃষ্টি হয়। শিশুদের দৈহিক ও মানসিক বিকাশ এবং উৎকর্ষ সাধনে সমপদ ২০১০ ও ২০১১ সাল থেকে প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট, আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পরিচালিত হয়ে আসছে। শিশুদের সহপাঠ ক্রমিক কার্যাবলী বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয়সমূহে নিয়মিতভাবে চারু-কারু, সংগীত, শারীরিক শিক্ষা ক্লাশ কার্যক্রম পরিচালনা, কাব কার্যক্রম ও শিক্ষা সহায়ক পুস্তক ব্যবহার করা হচ্ছে। বাস্তব চাহিদার আলোকে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১টি করে মোট ৬৯ টি দপ্তরি কাম প্রহরী পদ সৃজন করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নলকূপ স্থাপন, ওয়াশব্লক নির্মাণ, প্লেয়িং এক্সেসরিজ স্থাপন করা হয়েছে।

তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে প্রতিটি বিদ্যালয়ের অন্ততঃ একটি শ্রেণিকক্ষে ল্যাপটপ/ মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ ডিজিটালাইজড করা হয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সকল শিক্ষার্থীর মধ্যে ২০২৩ সালে বিনামূল্যে সকল শিক্ষার্থীর নিকট নতুন বই বিতরণ করা হয়েছে। তাছাড়া, ঝরে পড়া রোধসহ প্রাথমিক শিক্ষা সমাপনের লক্ষ্যে দরিদ্র পরিবারের শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় ১০০% শিক্ষার্থীকে উপবৃত্তি দেয়া হচ্ছে। ৯৭টি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল গঠন করা হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে ক্ষুদে ডাক্তার টীম গঠন করা হয়েছে। প্রাক-প্রাথমিক শিক্ষাকে দু'বছর মেয়াদী করার লক্ষে এবছর থেকে ২টি বিদ্যালয়ে পাইলটিং চলছে। ৯৭টি প্রাথমিক বিদ্যালয়ে 'স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্লান (SLIP) বাস্তবায়নের জন্য বিদ্যালয় ভিত্তিক বরাদ্দ প্রদান করা হচ্ছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জঃ

উপজেলার ০২টি সহকারী উপজেলা শিক্ষা অফিসারের পদের মধ্যে ০১ জন কর্মরত। প্রধান শিক্ষকের ৯৭টি পদের মধ্যে ৬৯ জন প্রধান শিক্ষক কর্মরত ও ২৮টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এছাড়াও সহকারী শিক্ষকের ৪৮৩টি পদের মধ্যে ৪১২ জন সহকারী শিক্ষক কর্মরত ও ৭১টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। পদ খালি থাকার কারণে বিদ্যালয় পর্যায়ে মানসম্মত পাঠদান ব্যাহত হচ্ছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে, ঝরে পড়া হ্রাসকরণ এবং অনাকাংখিত যে কোন পরিস্থিতিতে স্বাভাবিক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। শিক্ষক নিয়োগ, ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ, শিক্ষক-শিক্ষার্থী ও শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত র্অজন এবং শিক্ষকগণকে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে ব্লেন্ডিং পদ্ধতি অনুসরন করে শিক্ষার্থীদের কার্যকর পাঠদানে অভ্যস্ত করা প্রয়োজন। হত দরিদ্র পরিবারের শিশুদেরকে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রমে অংশগ্রহণের পরিবর্তে কর্মসংস্থানে নিয়োজিত করার প্রবনতা নিরুৎসাহিত করা প্রয়োজন।

## ভবিষ্যত পরিকল্পনা:

সকল শিক্ষক কর্তৃক গতানুগতিক পাঠদান পরিহার করে পদ্ধতিমাফিক (শিক্ষক সংস্করণ, পাঠ পরিকল্পনা, যথাযথ উপকরণে ব্যবহার) ও ডিজিটাল কন্টেন্ট ব্যবহারে মাধ্যমে শিক্ষকদের পাঠদান নিশ্চিতকরণে ই মনিটরিং জোরদার করা। যে কোন ধরণের সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্লাটফর্মের মাধ্যমে ব্লেন্ডিং পদ্ধতিতে পাঠদান কাঁযক্রম স্বাভাবিক রাখা। Civil Registration & Vital Statistics (CRVS) এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেইজ প্রণয়নে সার্বিক সহযোগিতা প্রদান করা। ডিজিটাল শিক্ষার্থী হাজিরা ব্যবস্থা প্রণয়নরে জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে আনয়ন এবং তাদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা। সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত বিভিন্নমূখী পদক্ষপে বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা।

# ২০২৪-২০২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

* বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুর ভর্তি নিশ্চিতকরণ।
* শিক্ষাবর্ষের শুরুতেই শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ।
* শিক্ষার্থীদের পঠন দক্ষতা উন্নয়ন।
* সকল শিক্ষক কর্তৃক লেসন প্ল্যান অনুসরণপূর্বক পাঠদান নিশ্চিতকরণ।
* সকল শিক্ষার্থীর বাংলা ও ইংরেজী বিষয়ে পঠন দক্ষতার উন্নয়ন।
* ডিজিটাল কনটেন্ট ভিত্তিক পাঠদান নিশ্চিতকরণ।
* বিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিশুর টিফিন বক্স এর মাধ্যমে খাবার নিয়ে আসা নিশ্চিতকরণ।
* সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল লেভেল ইম্প্রুভমেন্ট প্ল্যান ( SLI P) বাস্তবায়ন।
* নিরাপদ পানীয় জলের ব্যবস্থা করা।
* বিদ্যালয় পর্যায়ে সহপাঠক্রমিক কার্যক্রম জোরদার করা।
* প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করা।
* প্রয়োজন অনুযায়ী অনলাইন পাঠদান বাস্তবায়ন করা।
* কাবিং কার্যক্রম সম্প্রসারণ করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**উপজেলা শিক্ষা অফিসার**

**উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ**

এবং

**জেলা প্রাথমিক শিক্ষা অফিসার**

**জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সুনামগঞ্জ**

-এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২০ তারিখে
এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন-

# সেকশন - ১

উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর
রূপকল্প **(Vision)**, অভিলক্ষ্য **(Mission)**, **কর্মসম্পাদনের ক্ষেত্র (Performance Area)** এবং কার্যাবলি **(Functions):**

==================================================

## ১.১ রূপকল্প (Vision) :

শান্তিগঞ্জ উপজেলার সকল শিশুর জন্য সমতাভিত্তিক মানসম্মত প্রাথমিক শিক্ষা।

## ১.২ অভিলক্ষ্য (Mission) :

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

## ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র :

১) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;

২) সার্বজনীন ও বৈষম্যহীন টেকসই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;

৩) প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র :

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

## ১.৪ কার্যাবলি:: (Functions)

ক. শিশু জরিপ

খ. বই বিতরণ উৎসব।

গ. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন।

ঘ. শিশুদের কাঙ্খিত শিখনফল অর্জন নিশ্চিতকরণ।

ঙ. প্রাক-প্রাথমিক শ্রেনিকক্ষ সজ্জিতকরণ এবং শিশুদের বিভিন্নমূখী কার্যক্রমে সম্পৃক্তকরণ।

চ. ভৌত অবকাঠামো উন্নয়ন

ছ. বিদ্যালয়ে সুপেয় পানি নিশ্চিতকরণ

জ. স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিতকরণ

ঝ. ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের উন্নয়ন

ঞ. সামাজিক উদ্বুদ্ধকরণ কার্যক্রম এবং

ঠ. কাবিং কার্যক্রম জোরদারকরণ।

# সেকশন-২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদনসূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| প্রাথমিক শিক্ষাচক্র সমাপনের হার ৯৭% এ উন্নীতকরণ | প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার বৃদ্ধি | % | ৯৬.৬৮ | ৯৭ | ৯৮ | ৯৯ | ১০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারী ২০২৩ |
| মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষক-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত (১:৩০) অর্জন | শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত হ্রাস | অনুপাত | ১:৫৭ | ১:৫৫ | ১:৫২ | ১:৪৮ | ১:৪০ | প্রাথমিক ও গণশিক্ষা, জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় | বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারী ২০২৩ |

# সেকশন -৩

## কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পদেরনর ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসে কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ২৯ | [১.১] শিক্ষার্থীর শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট, অনলাইন পাঠদান, বার্ষিক পরীক্ষা /মূল্যায়ন, সমাপনী পরীক্ষা/মূল্যায়ন | [১.১.১] পাঠদানে অংশগ্রহণকারী শিক্ষার্থী সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ০ | ০ | ২৪১২০ | ২২২৫০ | ২১১৫০ | ২০৯৫০ | ১৯৮৫০ | ২৫৩৩৩ | ২৫৯৬০ |
| | | | [১.১.২] নির্ধারিত সময়ে বার্ষিক পরীক্ষা/মূল্যায়ন (১ম-৪র্থ শ্রেণি) অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ১ | ১৫/১২/২৩ | ১৫/১২/২৪ | ১৫/১২/২৪ | ১৬/১২/২৪ | ১৭/১২/২৪ | ১৮/১২/২৪ | ১৯/১২/২৪ | ২৫/১১/২৫ | ২৫/১১/২৬ |
| | | | [১.১.৩] নির্ধারিত সময়ে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/মূল্যায়ন অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ১ | ০ | ০ | ৩০/১১/২৩ | ০১/১২/২৩ | ০২/১২/২৩ | ০৩/১২/২৩ | ০৪/১২/২৩ | ৩০/১১/২৪ | ৩০/১১/২৫ |
| | | [১.২] শিক্ষকদের ডিপিএড/বিটিপিটি প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৭৫৪ | ৬৭৪ | ৬৯৪ | ৬২৫ | ৫৫৫ | ৪৮৫ | ৪১৬ | ৭৭৮ | ৭৭৮ |
| | | [১.৩] শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | সমষ্টি | সংখ্যা | ৪ | ১১৫ | ১১৫ | ১১৫ | ১০৩ | ৯১ | ৮১ | ৬৯ | ১১৫ | ২৪৭ |
| | | [১.৪] প্রমাপ অনুযায়ী পরিদর্শণ | [১.৪.১] বিদ্যালয় পরিদর্শণ | সংখ্যা | সংখ্যা | ৪ | ৯২০ | ৯২০ | ৯২০ | ৮৩০ | ৭৩০ | ৬৮০ | ৫৯০ | ৯২০ | ৯২০ |
| | | [১.৫] প্রাক-প্রথমিক শিক্ষকদের বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান | [১.৫.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ১১৫ | ০ | ১১৫ | ১০৪ | ৯২ | ৮১ | ৬৯ | ২৬০ | ২৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পদেরনর ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসে কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] চাহিদা ভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ | [১.৬.১] অনুষ্ঠিত সাব-ক্লাষ্টার | ক্রমপুঞ্জিতভূত | সংখ্যা | ৪ | ১০৪ | ০ | ১০৪ | ৯৪ | ৮৪ | ৭৩ | ৬২ | ১০৪ | ১০৪ |
| | | [১.৭] কোভিড-১৯ সহ বিভিন্ন সচেতনতামূলক বিষয়ে.কর্মকর্তা, শিক্ষক, এসএমসির সভাপতি, মা/অভিভাবকদের অনলাইন/অফলাইনে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন | [১.৭.১] সভা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিতভূত | সংখ্যা | ৪ | ৪৬০ | ৪৬০ | ৪৬০ | ৪১৪ | ৩৬৮ | ৩২২ | ২৭৬ | ৪৬০ | ৪৬০ |
| | | [১.৮] বিদ্যালয়ের গ্রেডিং উন্নয়ন | [১.৮.১] গ্রেডিং সম্পন্নকৃত বিদ্যালয় | তারিখ | তারিখ | ১ | ৩০/০৪/২২ | ৩০/৪/২৩ | ৩০/৪/২৪ | ৫/০৫/২৪ | ১০/৫/২৪ | ১৫/৫/২৪ | ২০/৫/২৪ | ৩০/৪/২৫ | ৩০/৪/২৬ |
| [২] সর্বজনীন ও বৈষম্যহীন টেকসিই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ২৭ | [২.১] শিক্ষাবর্ষের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিরতণ | [২.১.১] নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক বিতরণ | তারিখ | তারিখ | ৫ | ০১/০১/২২ | ০১/০১/২৩ | ০১/০১/২৪ | ১০/০১/২৪ | ২৭/০২/২৪ | ২৭/০৩/২৪ | ২৭/০৪/২৪ | ০১/০১/২৫ | ০১/০১/২৬ |
| | | [২.২] প্রাক-প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন এবং প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ | [২.২.১] সজ্জিতকৃত বিদ্যালয়ের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ১১৫ | ১১৫ | ১১৫ | ১০৪ | ৯২ | ৮১ | ৬৯ | ১১৫ | ১১৫ |
| | | | [২.২.২] নির্ধারিত সময়ের মধ্যে প্রাক-প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন | তারিখ | তারিখ | ২ | ৩১/০৫/২২ | ৩১/০৫/২৩ | ৩১/০৫/২৪ | ১০/০৬/২৪ | ২০/০৬/২৪ | ২৫/০৬/২৪ | ৩০/০৬/২৪ | ৩১/০৫/২৫ | ৩১/০৫/২৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পদেরনর ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসে কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] সকল প্রাপ্যতাযোগ্য শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [২.৩.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর হার | গড় | % | ৪ | ৭৮ | ৭৬ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৪] শ্রেণিকক্ষ নিমার্ণ | [২.৪.১] নির্মিত শ্রেণিকক্ষ | সমষ্টি | সংখ্যা | ৪ | ৫৪ | ৬০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৯১ | ৮৫ |
| | | [২.৫]সুপেয় পানির ব্যবস্থাপনা | [২.৪.১] স্থাপিত নলকুপ –সুপেয় পানির বেসিন | সমষ্টি | সংখ্যা | ২ | ০৮ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ০৮ | ১০ |
| | | [২.৬] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [২.৬.১] নির্মিত ওয়াশব্লক | সমষ্টি | সংখ্যা | ১ | ১১ | ০৫ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ১০ | ১০ |
| | | [২.৭ ] নির্ধারিত সময়ে শিশুভর্তি সম্পন্নকরণ | [২.৭.১] ভর্তিকৃত শিক্ষার্থী | তারিখ | তারিখ | ১ | ২৮/২/২২ | ৩১/১/২৪ | ৩১/১/২৫ | ০২/২/২৫ | ১৫/২/২৫ | ২০/২/২৫ | ২৮/২/২৫ | ৩১/১/২৬ | ৩১/১/২৭ |
| | | [২.৮] বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট | [২.৮.১] অংশগ্রহণ কারী বিদ্যালয় সংখ্যা | বিদ্যালয় সংখ্যা | সংখ্যা | ১ | ১১৩ | ০০ | ১১৫ | ১০৪ | ৯২ | ৮০ | ৬৯ | ১১৫ | ১১৫ |
| | | [২.৯] আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | [২.৯.১] অংশগ্রহণ কারী বিদ্যালয় সংখ্যা | সংখ্যা | সংখ্যা | ১ | ১১৫ | ০০ | ১১৫ | ১০৩ | ৯২ | ৮০ | ৬৯ | ১১৫ | ১১৫ |
| | | [২.১০] শিক্ষার্থীদের স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে ক্ষুদে ডাক্তার প্রকল্প চালু | [২.১০.১] উপকার ভোগী শিক্ষার্থী বিশিষ্ট বিদ্যালয় | সংখ্যা | সংখ্যা | ১ | ১১৫ | ১১৫ | ১১৫ | ১০৩ | ৯২ | ৮১ | ৬৯ | ১১৫ | ১১৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পদেরনর ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসে কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [২.১১] কাব কার্যক্রম সম্প্রসারণ | [২.১১.১] মোট কাব দলের সংখ্যা | সংখ্যা | সংখ্যা | ১ | ৮৮ | ১১৫ | ১১৫ | ১০৩ | ৯২ | ৮১ | ৬৯ | ১১৫ | ১১৫ |
| | | [২.১২] নির্ধারিত সময়ে অনলাইনে APSC সম্পন্নকরণ | [২.১২.১] অনলাইনে APSC সম্পন্ন কৃত বিদ্যালয় সংখ্যা | তারিখ | তারিখ | ১ | ২৮/০৬/২৩ | ৩১/০৭/২৪ | ৩১/০৮/২৫ | ০২/০৮/২৫ | ১৫/০৮/২৫ | ২০/০৯/২৫ | ২৮/০৯/২৫ | ৩১/০৮/২৬ | ৩১/০৮/২৭ |
| | | [২.১৩] বিদ্যালয় পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন (চারু-কারু, সংগীত, নৃত্য ও আবৃত্তি) | [২.১৩.১] অনুষ্ঠান আয়োজনকারী বিদ্যালয়ের সংখ্যা | সংখ্যা | সংখ্যা | ১ | ১১৫ | ১১৫ | ১১৫ | ১০৩ | ৯২ | ৮০ | ৬৯ | ১১৫ | ১১৫ |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন | ১৪ | [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন | [৩.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৭ | ১১৫ | ১১৫ | ১১৫ | ১০৩ | ৯২ | ৮০ | ৬৯ | ১১৫ | ১১৫ |
| | | [৩.২] উপজেলা পর্যায় পর্যন্ত ibas++ সিস্টেমের মাধ্যমে বাজেট বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ | [৩.২.১] ibas++ সিস্টেমে বাজেট বাস্তবায়নকৃত Cost centre | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | ০ | ০৫ | ০৭ | ০৬ | ০৬ | ০৫ | ০৪ | ০৯ | ১১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পদেরনর ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসে কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৩] শিক্ষকদের বদলি কার্যক্রম অনলাইনে পরিচালনা | [৩.৩.১] নির্ধারিত সময়ে অনলাইন বদলি চালু | তারিখ | তা◌ারিখ | ২ | ০০ | ০০ | ৩০/০৪/২৫ | ১৫/০৫/২৫ | ৩১/০৫/২৫ | ১৫/০৬/২৫ | ৩০/০৬/২৫ | ৩০/০৪/২৬ | ৩০/০৪/২৬ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৬ | ৪ | ১০ | ১০ |
| | | [১.২] ই-গভর্নান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্নান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৬ | ৪ | ১০ | ১০ |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ১ | ৩ | ৩ |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ৪ | ৪ | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ৪ | ৪ |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৩ |

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : ২০২৪-২৫ খ্রি:

## অঙ্গীকারনামা

আমি উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

(মো: সেলিম খান)
উপজেলা শিক্ষা অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
তারিখ: ২০ জুন, ২০২৪ খ্রি.

আমি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সুনামগঞ্জ হিসাবে উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট কার্যালয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

(মোহন লাল দাস)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ।
তারিখ: ২০ জুন, ২০২৪ খ্রি.

## সংযোজনী- ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ভৌত অবকাঠামো উন্নয়ন কার্যক্রম | নির্মিত শ্রেণিকক্ষ ও সীমানা প্রাচীর | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | চুক্তি স্বাক্ষর, পিআইসি, পিএসসি সভা, এডিপি সভা এবং পর্যালোচনা সভা আয়োজন |
| ভৌত অবকাঠামো উন্নয়ন কার্যক্রম | ওয়াশব্লক নির্মাণ এবং ওয়াশ বেসিন ও ডীপ টিউবওয়েল স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | চুক্তি স্বাক্ষর, পিআইসি, পিএসসি সভা, এডিপি সভা এবং পর্যালোচনা সভা আয়োজন |
| নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ | পাঠ্যপুস্তক বিতরণ | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড | চুক্তি স্বাক্ষর, পিআইসি, পিএসসি সভা, এডিপি সভা এবং পর্যালোচনা সভা আয়োজন |

## সংযোজনী- ৪-৮:
## সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ

২০/০৬/২৪

(মো: সেলিম খান)
উপজেলা শিক্ষা অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

সমাপ্ত